

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি-১ শাখা।  
(www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩-১২৮

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪৩০  
২৩ মে ২০১৩

পরিশ্রুত

বিষয়ঃ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর আওতা বহির্ভূত মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন এবং স্বশাসিত সংস্থার ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি প্রদান বিষয়ক কমিটি।

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের অধীন ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি প্রদানের জন্য পূর্বে জারিকৃত পরিপত্রসমূহ রহিত করিয়া নিয়মিত বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি গঠন করা হইল:

(ক) কমিটির গঠন:

ক্র.সং.	কমিটির সদস্য	সভাপতি
১।	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব	সদস্য
২।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৩।	অর্থ বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৪।	সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান	সদস্য
৫।	প্রশাসনিক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন)	সদস্য সচিব

(খ) কমিটির কার্যপরিধিঃ

(ক) উপসচিব ব্যতীত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অধীন ক্যাডারভুক্ত এবং ক্যাডার বহির্ভূত জাতীয় বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি;

(খ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত মন্ত্রণালয়/বিভাগের অধীন বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে সরাসরি নিয়োগ;

(গ) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে বিভিন্ন স্বশাসিত সংস্থায় স্থায়ীভাবে বদলীকৃত/স্থায়ীভাবে প্রেষণে নিয়োজিত সরকারি কর্মকর্তাগণের বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ;

(ঘ) সংশ্লিষ্ট আইন/নিয়োগবিধি অনুযায়ী বিভিন্ন স্বশাসিত সংস্থার পরিচালনা পরিষদ বহির্ভূত অন্যান্য যে সকল পদের নিয়োগ/পদোন্নতি প্রদানের দায়িত্ব সরকারের, সেই সকল পদে নিয়োগ/পদোন্নতি;


(ঙ) বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদের উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া);

(চ) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।



২। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ এবং প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করিবার অনুরোধ করা হইল।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

  
(মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী)  
সিনিয়র সচিব

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব, .....সকল মন্ত্রণালয়/বিভাগ।  
(জৈহার আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
- ৩। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৫। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ১০০ শত কপি প্রেরণের অনুরোধসহ)।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জননিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
[www.mhapsd.gov.bd](http://www.mhapsd.gov.bd)

স্মারক নং-৪৪.০০.০০০০.০১৯.০২.০০১.২১-২৪৫

তারিখ : ২২ মার্চ, ১৪৩০  
০৫ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, বিজিবি, পিলখানা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, ঢাকা।
- ৫। মহাপরিচালক, এনটিএমসি, প্রধানমন্ত্রীর ত্রান ভান্ডার, তেজগাঁও, ঢাকা।
- ৬। সমন্বয়ক, তদন্ত সংস্থা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব ..... (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব ..... (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। উপসচিব ..... (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ..... (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

  
মোঃ জাহিদুল ইসলাম  
উপসচিব  
ফোন : ০২-২২৩৩৫৪৫২৯  
[admin1@mhapsd.gov.bd](mailto:admin1@mhapsd.gov.bd)